গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১-৪৫-৬ তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয় ঃ উপজেলা আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভা আগামী ১৩.০৯.২০২১ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে Zoom Application এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে Zoom Application এ যুক্ত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ১২.০৯.২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

Zoom Meeting এর তথ্য:
Meeting ID: 287 000 7769
Password: 3pig1T
(সিস্টেম পরীক্ষা করার জন্য সভা শুরু হওয়ার ১০ মিনিট পূর্বে Zoom Application এ সংযুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।)

০৭.০৯.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ
০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান -- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব ---

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১- তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০২১
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-
০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৭.০৯.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর,২০২১ মাসের সভার কার্যবিবরণী:-

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

সভার তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২১, সময় : দুপুর ১২:০০ ঘটিকা

সভার স্থান : স্ব স্ব অবস্থান থেকে Zoom Application এর মাধ্যমে Video Conferencing

সভার হাজিরা : Zoom Application এর মাধ্যমে Video Conferencing এ সরাসরি সংযুক্ত সকল সদস্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানিত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য, এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নেবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ০৯.০৮.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে। তিনি আরও বলেন, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে ইউনিয়নের বিভিন্ন দোকান ও স্টলসমূহে সম্ভাব্য প্রার্থীদের নিয়ে আলোচনায় লোকজন সরব রয়েছে। নির্বাচনকে সামনে রেখে যাতে কোনরুপ অপ্রীতিকর ঘটনা না ঘটে সেজন্য রাতে পুলিশী টহল জোরদার করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ক) ইউপি নির্বাচনকে সামনে রেখে যাতে কোনরুপ অপ্রীতিকর ঘটনা না ঘটে সেজন্য রাতে পুলিশী টহল জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(২) চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে মদ, গাঁজা ও জুয়ার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, ইদানিং রাস্তার পাশে মাঠে ছড়ানো কৃষকের গরু চুরি হয়ে যাচ্ছে। গরু চোরদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(খ) মাদক ও জুয়ারী এবং গরুর চোরদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারের নির্দেশনায় স্কুল-কলেজ খোলা হয়েছে। তিনি বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়সমূহে ক্লাসে পাঠদান নিশ্চিত করার জন্য প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে।	(গ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর
		(৪) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, দীর্ঘ প্রায় দেড় বছর বন্ধ থাকার পর গতকাল থেকে স্কুল,কলেজগুলো খোলা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, টঙ্গীরঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটি ঝুঁকির মধ্যে রয়েছে। উক্ত বিদ্যালয়ে সতর্কতার মাধ্যমে পাঠদানের পাশাপাশি নতুন ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ঘ) বর্ণিত বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
		(৫) জনাব মো: ইয়াছিন আরাফাত রানা, সহকারী কমিশনার(ভূমি),হবিগঞ্জ সদর বলেন,	(ঙ) কামড়াপুর ব্রীজের আশেপাশে রাস্তার উপর	(ঙ) উপজেলা নির্বাহী অফিসার/সহকারী

		কামড়াপুর ব্রীজের আশেপাশে রাস্তার উপর কৃষি উপকরণ/মালামাল রাখার ফলে যানজট সৃষ্টি হচ্ছে। এছাড়া রাস্তার উপর বিদ্যুতের অকেজো খুঁটি পড়ে থাকায় চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। (৬) জনাব মোঃ মাসুক আলী,অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, আগষ্ট মাসে হবিগঞ্জ সদর মডেল থানায় মোট ২১ টি মামলা রুজু হয়। তিনি হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল মর্মে জানান। তিনি বলেন, অনেক দিন বন্ধ থাকার পর স্কুল-কলেজ খোলা হয়েছে। স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে পুলিশের টহল অব্যাহত থাকবে। এব্যাপারে যেকোন সমস্যা সম্পর্কে অবহিত করা হলে সহযোগিতা প্রদান করা হবে। (৭) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। আইন-শৃঙ্খলা পরিস্থিতির এ ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। (৮) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, হবিগঞ্জ জেলার যেকোন উপজেলার চেয়ে সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। এজন্য উপজেলা নির্বাহী অফিসার,সহকারী কমিশনার(ভূমি), থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণের ভূমিকার প্রশংসা করেন।	অবৈধভাবে কৃষি উপকরণ/ মালামাল সরানোর জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং উপর বিদ্যুতের অকেজো খুঁটি সরানোর ব্যাপারে পত্র লিখার সিদ্ধান্ত গৃহীত হয়। (চ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সকল ইউনিয়নে নিয়মিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	কমিশনার(ভূমি)/অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর (চ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা /সকল ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর
		তিনি বলেন, কোর্ট স্টেশন পয়েন্ট, উমেদনগর-কামড়াপুর ব্রীজের আশেপাশে,কিবরিয়া ব্রীজ এলাকাসহ শহরমুখী পয়েন্টসমূহে যানজট নিরসনে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি বলেন, শহরের প্রধান সড়কে সংস্কার কাজের দরুন ব্যাক রোডের উপর যানবাহনের চাপ বৃদ্ধি পাওয়ায় যানজট সৃষ্টি হচ্ছে। তাই যানজট নিরসনের লক্ষ্যে ট্রাফিক পুলিশের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। রাস্তায় অবৈধ দখল অপসারণ,যত্রতত্র গাড়ি পার্কিং না করা ও প্রতিবন্ধকতা অপসারণে মাইকিং করানো এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	(ছ) যানজট নিরসনের লক্ষ্যে শহরমুখী পয়েন্টসমূহে ট্রাফিকিং ব্যবস্থা জোরদার করা; রাস্তায় অবৈধ দখল অপসারণ,যত্রতত্র গাড়ি পার্কিং না করা ও প্রতিবন্ধকতা অপসারণে মাইকিং করানোসহ এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ছ) উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি)/অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/ট্রাফিক ইন্সপেক্টর, হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, বর্তমানে মোটর সাইকেল ও টমটম চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান আউয়াল এর মোটর সাইকেল চুরির পর দীর্ঘদিন অতিবাহিত হলেও উহা উদ্ধার করা হয়নি। অথচ তাঁর দ্বারা ১টি মোটর সাইকেল উদ্ধার করে থানায় জমা দেয়া হলেও চুরির সাথে জড়িতদের বিরুদ্ধে অদ্যাবধি মামলা করা হয়নি। এজন্য তিনি অসন্তোষ প্রকাশ করেন ও জরুরীভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে	(জ) মোটর সাইকেল ও টমটম চোরদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (ঝ) থানায় জমাকৃত মোটর সাইকেলটির সঠিক মালিকানা নির্ণয় ও এ বিষয়ে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(জ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা (ঝ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, বিগত রমজান মাসে শহরে এলাকায় দাঙ্গায় জনৈক ব্যক্তি প্রকাশ্যে অবৈধ অস্ত্র ব্যবহারের মাধ্যমে ভয়ভীতি ও আতংক সৃষ্টি করেছিল। উক্ত ঘটনায় পুলিশসহ বেশ কয়েকজন লোক আহত হয়। আইন-শৃঙ্খলা কমিটির সভায় একাধিকবার আলোচনার পর দীর্ঘদিন অতিক্রান্ত হলেও অবৈধ অস্ত্র উদ্ধার না হওয়ায় তিনি ক্ষোভ প্রকাশ করেন। অবৈধ অস্ত্র উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী সভায় অবহিত করার জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তিনি নির্দেশনা প্রদান করেন।	(ঞ) হবিগঞ্জ শহরে প্রকাশ্যে প্রদর্শিত অবৈধ অস্ত্র উদ্ধার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক পরবর্তী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঞ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		মদ,গাঁজা,ইয়াবা গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়ছে, মাদকের সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	(ট) মদ,গাঁজা,ইয়াবা ও জুয়ার সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ট) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৯) সভাপতি করোনা প্রতিরোধে এবং উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সবাইকে একসাথে কাজ করার আহবান জানান। তিনি বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। তাই স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্যবিধি মানা হচ্ছে কিনা; স্ব স্ব বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি পার্শ্ববর্তী স্কুলসমূহ পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। কোথাও কোন ব্যত্যয় ঘটলে সঠিক পরামর্শ প্রদানপূর্বক অত্রাফিসসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানান।	(ঠ) শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা; স্ব স্ব বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি পার্শ্ববর্তী স্কুল-কলেজ সমূহ পরিদর্শন করার জন্য এ উপজেলার সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জ্ঞাপন করা হয়।	(ঠ) বিভাগীয় প্রধান (সকল),হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের আগষ্ট,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়,লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১,তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০,নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	(ড) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ড) ইউপি চেয়ারম্যান (সকল) হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০৪	-	০৪	-	০৪	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১৪	-	১৪	-	১৪	
পৈল	০১	০৯	-	০৯	-	০৯	
গোপায়া	০১	১৪	-	১৪	০৫	০৯	
রাজিউড়া	০১	১০	০১	১১	০১	১০	
নিজামপুর	০১	০৪	-	০৪	০৩	০১	
লস্করপুর	০১	০৪	০১	০৫	০১	০৪	
মোট =	০৮	৭০	০২	৭২	১০	৬২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩.০৯.২০২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৫০০ (৮৫)

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৭। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
০৮। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১৩.০৯.২০২১

উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ